

সেন্টমার্টিন থেকে সরলো ৭২০০ কেজি প্লাস্টিক বর্জ্য

টেকনাফ (কক্সবাজার) প্রতিনিধি

০ প্রকাশ: ১২ অক্টোবর ২৩ | ২১:৩৯ | আপডেট: ১২ অক্টোবর ২৩ | ২১:৩৯



কেওক্রাডং বাংলাদেশে এর নেতৃত্বে তিন দিনে এসব বর্জ্য সরানো হয়। ছবি: সমকাল

পর্যটন মৌসুমের শুরুতেই প্রবাল দ্বীপ সেন্টমার্টিন থেকে সরানো হয়েছে ৭ হাজার ২০০ কেজি প্লাস্টিক বর্জ্য। ‘কেওক্রাডং বাংলাদেশ’ নামে স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃত্বে ৯ থেকে ১১ অক্টোবর পর্যন্ত তিন দিনে এসব বর্জ্য সরানো হয়। এর মধ্যে রয়েছে— প্লাস্টিক বোতল, খাদ্যদ্রব্যের প্যাকেট ও নানা অপচনশীল বস্তু।

২০১০ সাল থেকে ‘কেওক্রাডং বাংলাদেশ’ প্রতিবছর নভেম্বর-ডিসেম্বর মাসে আন্তর্জাতিক সংস্থা ওশান কনজারভেন্সি ও কোকা-কোলার সহযোগিতায় দ্বীপটিতে পরিচ্ছন্নতা অভিযান চালায়। স্থানীয় সাংবাদিক নূর মোহাম্মদ বলেন, প্রতিবছর হাজার হাজার পর্যটক সেন্টমার্টিনে বেড়াতে এসে ফেলে যান নানা বর্জ্য। সেই সঙ্গে আছে স্থানীয়দের ব্যবহৃত পলিথিন। অপচনশীল এসব বস্তুর কারণে হুমকিতে পড়েছে ছোট্ট দ্বীপের প্রাণী ও প্রকৃতি। ভ্রমণ মৌসুম শুরুর ঠিক আগে প্রতিবছর কেওক্রাডং বাংলাদেশের সদস্যরা এ পরিচ্ছন্নতা অভিযান চালান।



স্বেচ্ছাসেবীরা জানান, এসব বর্জ্য দেড়শটি বস্তায় ভরে দুটি ট্রলারে টেকনাফে আনা হয়। পরে ট্রাকে পৌরসভার বর্জ্য ডাম্পিং স্টেশনে ফেলা হয়।

কেওক্রাডং বাংলাদেশ ও ওশান কনজারভেশির সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, দ্বীপের প্লাস্টিক সাগরে ছড়িয়ে পড়লে এর পরিণতি হবে ভয়াবহ। এ কারণে এ ক্ষুদ্র প্রয়াস। সেন্টমার্টিনের প্যানেল চেয়ারম্যান আক্তার কামাল বলেন, উদ্যোগটি অত্যন্ত প্রশংসনীয়।

